

## **া** সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৬৫৪১ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৬১০]

৪৬। সদ্যবহার, আত্মীয়তার সম্পর্ক রক্ষা ও শিষ্টাচার (كتاب البر والصلة والآداب)

পরিচ্ছেদঃ ৩০. রাগের মুহুর্তে যে নিজেকে বশ করে তার মর্যাদা এবং কিসের সাহায্যে রাগ দূরীভূত হয়

باب فَضْلِ مَنْ يَمْلِكُ نَفْسَهُ عِنْدَ الْفَضَبِ وَبِأَيِّ شَيْءٍ يَذْهَبُ الْفَضَبُ

## আরবী

حَدَّثَنَا نَصِرُ بْنُ عَلِي الْجَهْضَمِيُّ، حَدَّثَنَا أَبُو أُسَامَةَ، سَمِعْتُ الْأَعْمَشَ، يَقُولُ سَمِعْتُ عَدِيَّ بْنَ ثَابِت، يَقُولُ حَدَّثَنَا سُلَيْمَانُ بْنُ صَرُدِ، قَالَ اسْتَبَّ رَجُلاَنِ عِنْدَ النَّبِيِّ صلى الله عليه وسلم فَجَعَلَ أَحَدُهُمَا يَغْضَبُ وَيَحْمَرُ وَجْهُهُ فَنَظَرَ إِلَيْهِ النَّبِيُّ صلى الله عليه وسلم فَجَعَلَ أَحَدُهُمَا يَغْضَبُ وَيَحْمَرُ وَجْهُهُ فَنَظَرَ إِلَيْهِ النَّبِيُّ صلى الله عليه وسلم فَقَالَ " إِنِّي لأَعْلَمُ كَلِمَةً لَوْ قَالَهَا لَذَهَبَ ذَا عَنْهُ أَعُوذُ بِاللَّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ " . فَقَامَ إِلَى الرَّجُلِ رَجُلُ مِمَّنْ سَمِعَ النَّبِيَّ صلى الله عليه وسلم فَقَالَ أَتَدْرِي مَا قَالَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم فَقَالَ أَتَدْرِي مَا قَالَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم قَقَالَ أَتَدْرِي مَا قَالَ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم قَقَالَ أَتَدْرِي مَا قَالَ رَسُولُ اللّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ " . فَقَالَ اللهُ عَليه وسلم آنِفًا قَالَ " إِنِّي لأَعْلَمُ كَلِمَةً لَوْ قَالَهَا لَذَهَبَ ذَا عَنْهُ أَعُوذُ بِاللّهِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ " . فَقَالَ لَهُ الرَّجُلُ أُمَجْنُونًا تَرَانِي

## বাংলা

৬৫৪১-(১১০/...) নাসর ইবনু 'আলী আল জাহ্যামী (রহঃ) ..... সুলাইমান ইবনু সুরাদ (রাযিঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সামনে দু'ব্যক্তি কথা কাটাকাটি করতে উদ্যত হলো। তাদের একজন কঠিন রাগাম্বিত হলো এবং তার মুখমণ্ডল রাগে লাল হয়ে গেল। তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার প্রতি তাকিয়ে বললেন, আমি এমন একটি কালিমাহ জানি যদি সে তা পাঠ করে তাহলে তার থেকে এ রাগ চলে যাবে। (আর তা হলো) আউযু বিল্লাহি মিনাশ শাইত্ব-নির রজীম – "আমি বিতাড়িত শাইতানের (শয়তানের) থেকে আল্লাহর নিকট আশ্রয় চাই"। সে সময় যারা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বাণী শুনেছেন, তাদের মধ্য হতে একজন সে লোকটির নিকট গিয়ে বললেন, তুমি কি জানো, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটু আগে কী বলেছেন? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, অবশ্যই আমি এমন একটি কালিমাহ জানি, তা যদি সে পাঠ করত তাহলে তার হতে তা (রাগ) চলে যেত। (আর তা হলো) এ الرَّجِيْرِ الشَّيْطَانِ المَا المَا الرَّجِيْرِ السَّيْطَانِ المَا المَا المَا اللَّهُ مِنَ الشَّيْطَانِ المَا المَا الرَّجِيْرِ المَا المَا المَا المَا المَا المَا المَا الرَّجِيْرِ السَّائِمُ مِنَ الشَّيْطَانِ المَا المَا الرَّجِيْرِ المَا المَا



## **English**

Sulaiman b. Surad reported that two persons abused each other in the presence of Allah's Apostle (ﷺ) and one of them fell into a rage and his face became red. Allah's Apostle (ﷺ) saw him and said:

I know of a wording; if he were to utter that, he would get out (of the fit of anger) (and the wording is): I seek refuge with Allah from Satan, the accursed. Thereupon, a person went to him who had heard that from Allah's Apostle (\*\*) and said to him: Do you know what Allah's Messenger (\*\*) said? He (the Holy Prophet) said: I know of a wording; if he were to say that, (the fit) would be no more (and the words are): I seek refuge with Allah from Satan, the accursed. And the person said to him: Do you find me mad?

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ সুলাইমান ইবনু সুরাদ (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন